বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৬৮

তারিখঃ ১৪ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭১৬ তম কমিশন সভা অদ্য ২৮/০১/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় পালন উপলক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ব্যাপক কর্মসূচি গৃহীত হয়েছে। এ ব্যাপারে বিস্তারিত পরবর্তীতে প্রেস কনফারেন্সের মাধ্যমে জানানো হবে।

২. রিজেন্ট টেক্সটাইল মিলস্ লিমিটেড একাউন্টিং স্ট্যান্ডার্ড অনুসারে জুন ৩০, ২০১৬ এবং ৩০ জুন, ২০১৭ এর আর্থিক বিবরণী প্রস্তুত না করায়, আর্থিক বিবরণীতে মিথ্যা ও ভুল তথ্য দেওয়ায় এবং চাহিতব্য তথ্য কমিশনে দাখিল না করায় রিজেন্ট টেক্সটাইল মিলস্ লিমিটেড International Accounting Standard (IAS)-1 এর Para 15, Securities and Exchange Ordinance, 1969 এর Section 18, কমিশনের Notification No.SEC/CMRRCD/2008-183/Admin/03-30 dated June 1, 2009 এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) লংঘন করেছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় রিজেন্ট টেক্সটাইল মিলস্ লিমিটেড এর প্রত্যেক পরিচালক (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) কে ০২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. আমান ফিড লিমিটেড এর বিশেষ নিরীক্ষক MABS & J Partners, Chartered Accountants এর বিশেষ নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী আমান ফিড লিমিটেড কমিশনের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) সংক্রান্ত অনুমোদন পত্র No. SEC/CI/IPO-197/2012-155 dated April 23, 2015 এর শর্ত অনুযায়ী প্রাথমিক গণ প্রস্তাব এর মাধ্যমে উত্তোলিত অর্থের যথাযথ ব্যবহার না করে এবং কমিশনে এ সংক্রান্ত মিথ্যা তথ্য প্রদান করে Securities and Exchange Ordinance, 1969 এর Section-18 এবং কমিশনের উক্ত অনুমোদন পত্রের (consent letter) ৪, ৮ ও ৯ নং শর্ত লংঘন করেছে।

ACNABIN, Chartered Accountants আমান ফিড লিমিটেড এর প্রাথমিক গণ প্রস্তাব এর মাধ্যমে উত্তোলিত অর্থের নিরীক্ষক হিসেবে নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত সিকিউরিটিজ আইনসমূহ লংঘনের তথ্য না দিয়ে Securities and Exchange Ordinance, 1969 এর Section-18 লংঘন করেছে।

উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায়:

(ক) ইস্যুয়ার আমান ফিড লিমিটেড এর প্রত্যেক পরিচালক (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতিত) কে ২৫ (পঁচিশ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

(খ) আমান ফিড লিমিটেড এর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত অর্থ এর নিরীক্ষক ACNABIN, Chartered Accountants এর পার্টনার মো: রুকুনুজ্জামান, এফসিএ এখন থেকে আর কখনও প্রাথমিক গণ প্রস্তাবের মাধ্যমে উত্তোলিত অর্থের ব্যবহার সংক্রান্ত বিষয়ের নিরীক্ষা করতে পারবে না মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে; এবং

(গ) এছাড়াও আমান ফিড লিমিটেড এর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত অর্থ এর নিরীক্ষক ACNABIN, Chartered Accountants, প্রাথমিক গণ প্রস্তাবের মাধ্যমে উত্তোলিত অর্থের নিরীক্ষার ক্ষেত্রে যথাযথ পেশাগত আচরণ না করায় ACNABIN, Chartered Accountants এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি ইনস্টিটিউট অব চাটার্ড অ্যাকাউন্টেন্টস্ অব বাংলাদেশ (ICAB) -এ প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স লিমিটিড কমিশনের কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন্স (CGC) সংক্রান্ত Notification No. SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated August 07, 2012 এর শর্তসমূহ যথাযথ পরিপালন না করে Mrs. Shashti Rani Saha (ইতোমধ্যে অপসারিত) কে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ দিয়ে উক্ত CGG এর Condition No- 1.3(ii) লংঘন করেছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় কন্টিনেন্টাল ইন্স্যুরেন্স লিমিটিড-কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারীকৃত কর্পোরেট গভর্ন্যান্স কোড (CGC) এর কিছু সংযোজন ও সংশোধন অনুমোদন করা হয়। অন্যান্যের মধ্যে যা নিম্নরূপঃ

(ক) সকল ইস্যুয়ার কোম্পানী কর্পোরেট গভর্ন্যান্স কোড এর কোন বিধান বাধ্যতামূলকভাবে পরিপালনে কোন অস্বীকৃতি বা ব্যার্থতা বা লংঘন Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য হিসাবে পরিগণিত হবে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে অন্যান্যের মধ্যে অ-তালিকাভূক্তকরণ বা শেয়ারের লেনদেন স্থগিতকরণ করা হবে; এবং

(খ) কোন তালিকাভুক্ত কোম্পানির পরিচালকের নিয়োগ বা পুন: নিয়োগের ক্ষেত্রে শেয়ারহোল্ডারদেরকে প্রদত্ত পরিচালকের প্রতিবেদনে, তালিকাভুক্ত কোম্পানীর পরিচালকগণ তাদের জীবন বৃত্তান্তের সাথে অন্য যে সকল কোম্পানীতে পরিচালক হিসেবে বা অন্য কোন পদে নিয়োজিত আছেন তার বৃত্তান্ত প্রদান করবেন।

৬. এছাড়াও কমিশন আজকের সভায় বিদ্যমান একটি নোটিফিকেশন সংশোধনের (SEC/CMRRCD/2008-183/Admin/03-30, Dated: 01 June 2009) সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত নোটিফিকেশনে অন্যান্য সংশোধনীর মধ্যে নিম্নরূপ সংযোজন উল্লেখযোগ্যঃ

কোন তালিকাভুক্ত ইস্যুয়ার কোম্পানী শেয়ারহোল্ডারদের সাধারণ সভায় অনুমোদন ব্যতিরেকে উক্ত কোম্পানীর পূর্ববর্তী নিরীক্ষিত হিসাবে প্রদত্ত মোট স্থাবর সম্পত্তির ৫০% এর বেশী সম্পদ বিক্রয় চুক্তিতে আবদ্ধ হবে না এবং প্রথম লেনদেনের তারিখ হতে পরবর্তী এক বছরের মধ্যে একক বা যৌথভাবে লেনদেনের মাধ্যমে উক্ত বিক্রয় সীমা অতিক্রম করবে না।

২৮/০৭/২০২০

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।